জনাব মোঃ আবদুল হালিম, ভারপ্রাপ্ত সচিব, শিল্প মন্ত্রণালয়
এর
চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড (সিইউএফএল), চট্টগ্রাম পরিদর্শন প্রতিবেদন

গত ০২ নভেম্বর ২০১৮ তারিখ শুক্রবার বিকাল ০৩:৩০ টায় শিল্প মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব আবদুল হালিম চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলার রাঙ্গাদিয়াস্থ চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড (সিইউএফএল) পরিদর্শন করেন। এসময় সিইউএফএল কারখানার ইউটিলিটি প্ল্যান্ট, বয়লার রি-টিউবিং এর জন্য আনীত মালামাল, এ্যামোনিয়া প্ল্যান্ট, সেন্ট্রাল কন্ট্রোল রুম ও সিইউএফএল এর জেটি সরেজমিনে ঘুরে দেখেন। পরে কারখানার সার্বিক অবস্থা নিয়ে কারখানার বিভাগীয় প্রধান ও শাখা প্রধানদের সাথে মতবিনিময় করেন। সভায় বিসিআইসি'র পরিচালক (বাণিজ্যিক) জনাব মোঃ হাইয়ুল কাইয়ুমসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এতে সিইউএফএল'র কার্যক্রম, সমস্যা, সম্ভাবনা ও উদ্যোগের বিষয়টি আলোচিত হয়। সিইউএফএল ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস কারখানার বর্তমান অবস্থা উপস্থাপন করেন। ভারপ্রাপ্ত সচিব মহোদয় সরাসরি আলোচনায় অংশ নেন এবং সমস্যাগুলো সমাধানে নির্দেশনা প্রদান করেন।

০১। আলোচনাঃ

সভার শুরুতে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে কারখানার তথ্যাবলী উপস্থাপন করা হয়। সভায় জানানো হয়, সিইউএফএল প্রতিষ্ঠার সময়কাল ১ ডিসেম্বর ১৯৮৫ হতে ২৯ অক্টোবর ১৯৮৭ সাল। পুরো কারখানাটি ৩৯০.৭৭ একর জমির উপর প্রতিষ্ঠিত হয়েছে। জাপানের টয়ো ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন কারখানাটি নির্মাণ করে। প্রকল্পের নির্মাণ ব্যয় ছিল ১৫৫৬.৩০ কোটি টাকা। কারখানার স্থাপিত উৎপাদন ক্ষমতা ছিল অ্যামোনিয়া দৈনিক এক হাজার মেট্রিক টন হিসেবে বছরে ৩ লাখ ৩০ হাজার মেট্রিক টন এবং ইউরিয়া দৈনিক সতের শত মেট্রিক টন হিসেবে বছরে ৫ লাখ ৬১ হাজার মেট্রিক টন। প্রতিষ্ঠাকালে সিইউএফএল এর স্থায়িত্ব ধরা হয়েছিল ২০ বছর। তবে ৩০ বছর ধরে কারখানাটি উৎপাদনে রয়েছে। সভায় সিইউএফএলের বর্তমান কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা হয়। আলোচনার পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব আবদুল হালিম সংশ্লিষ্ট বিষয়ে নির্দেশনা দিয়ে তা বাস্তবায়ন করতে বলেন।

০২। গ্যাস সংকটঃ

সভায় অবহিত করা হয়, গ্যাস সংকটে কারখানাটি বন্ধ থাকে। ১৯৯৭ সাল থেকে এ পর্যন্ত গ্যাস সংকটের কারণে কারখানা ৩১৮ দিন বন্ধ ছিল। সর্বশেষ কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড গত ২২ ডিসেম্বর ২০১৭ থেকে ১২ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত কারখানায় গ্যাস সরবরাহ বন্ধ রাখে। তবে আমদানিকৃত এলএনজি সরবরাহ করায় গত ৪ অক্টোবর থেকে কারখানায় আবার উৎপাদন শুরু হয়েছে। এসব কারণে গত ৩১ অক্টোবর পর্যন্ত ২০১৮-১৯ অর্থবছরে ৪৫ হাজার ১৬৮ মেট্রিক টন ইউরিয়া উৎপাদন করা সম্ভব হয়েছে।

২.১। শিল্প সচিবের নির্দেশনাঃ

উৎপাদিত মোট গ্যাসের কত শতাংশ গ্যাস সার কারখানায় সরবরাহ করা হয় তার বিনিময়ে সার উৎপাদনের মাধ্যমে কতটুকু জাতীয় আয়ে যোগ করতে পারছি- তার তুলনামূলক চিত্র তৈরি করে সরকারের সংশ্লিষ্ট দফতরে প্রেরণ করতে হবে। এছাড়াও কাউন্টার পার্টনারদের সাথে ভালো সম্পর্ক রাখতে হবে। গ্যাস কোম্পানিগুলোকে কারখানা বন্ধের সুনির্দিষ্ট তারিখ আগেভাগেই জানাতে হবে। এতে সংশ্লিষ্ট গ্যাস কোম্পানি তাদের উৎপাদিত গ্যাস নিয়ে পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণের সময় পাবে।

২.২। বাস্তবায়নেঃ

ক) বেগম পরাগ, অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়।
খ) জনাব শাহ মোঃ আমিনুল হক, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিআইসি, ঢাকা।
গ) জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম সচিব (বিসিআইসি),শিল্প মন্ত্রণালয়।
ঘ) প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস, ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল।

০৩। পাওয়ার নির্ভর ডিএপিএফসিএলঃ

মহাব্যবস্থাপক (এমটিএস) জনাব মোঃ রফিকুল ইসলাম জানান, সিইউএফএল কারখানার পাশে স্থাপিত ডিএপি ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড (ডিএপিএফসিএল) চালু রাখতে সিইউএফএল কারখানার পাওয়ার ও স্টিম ব্যবহার করতে হয়। ডিএপিএফসিএল এবং সিইউএফএল এক সাথে চালু রাখা সম্ভব হয়না। কারণ পানি, স্টিম, বিদ্যুৎ ইত্যাদির জন্য ডিএপিএফসিএল পুরোপুরি সিইউএফএল এর উপর নির্ভরশীল। বর্তমানে বয়লারগুলো পুরনো হয়ে স্টিম উৎপাদন ক্ষমতা হ্রাস পেয়েছে। রি-টিউবিং কার্যক্রম শেষ হলে এবং আর একটি অতিরিক্ত নতুন বয়লার স্থাপন করা হলে দু'টি কারখানাই এক সাথে চালানো যাবে। তা ছাড়া নিয়মিত কারখানা ওভারহলিং করা হলে স্টিম খরচ কিছুটা কমবে।

৩.১। শিল্প সচিবের নির্দেশনাঃ

সিইউএফএল এর স্টিম সমস্যার সমাধান করে ডিএপিএফসিএলকে স্টিম, পানি, বিদ্যুৎ সরবরাহ সহযোগিতা অব্যাহত রাখতে হবে।

৩.২। বাস্তবায়নেঃ

ক) বেগম পরাগ, অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়।
খ) জনাব শাহ মোঃ আমিনুল হক, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিআইসি, ঢাকা।
গ) জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম সচিব (বিসিআইসি),শিল্প মন্ত্রণালয়।
ঘ) প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস, ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল।
ঙ) জনাব মোঃ মনিরুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, ডিএপিএফসিএল।

০৪। সিইউএফএল'র জেটি মেরামতঃ

বিসিআইসি'র পরিচালক (বাণিজ্যিক) জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম বলেন, সিইউএফএল'র জেটিটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি কাফকো ও সিইউএফএল যৌথভাবে ব্যবহার করছে। জেটিটি জরাজীর্ণ হয়ে পড়েছে। কিছু অংশ ধ্বসে পড়েছে। এটির মেরামত কাজ প্রয়োজন। সিইএফএল'র যে অর্থের সংস্থান রয়েছে তাতে এসব কাজ করা সম্ভব হবেনা। এ সমস্ত কাজে শিল্প মন্ত্রণালয়ের সহযোগিতা কামনা করি।

৪.১। শিল্প সচিবের নির্দেশনাঃ

সিউএফএল'র জেটিটি জরুরিভাবে এর সংস্কার করতে হবে। এর সংস্কারে কী কী কাজ করতে হবে তার তালিকা করতে হবে। কাফকো সার সরবরাহে এ জেটিটি ব্যবহার করে থাকে। একারণে কাফকো ও সিইউএফএল যৌথভাবে জেটিটি সংস্কার করবে।

৪.২। বাস্তবায়নেঃ

ক) বেগম পরাগ, অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়।
খ) জনাব শাহ মোঃ আমিনুল হক, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিআইসি, ঢাকা।
গ) জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম সচিব (বিসিআইসি),শিল্প মন্ত্রণালয়।
ঘ) প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস, ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল।
ঙ) জনাব আজিজুর রহমান চৌধুরী, সিওও, কাফকো।

০৫। পুরাতন যন্ত্রপাতি সংস্কার, প্রতিস্থাপন ও পুনর্বাসনঃ

সভায় অবহিত করা হয়, মাঝে মাঝে রিয়্যাক্টর ছিদ্র হয়ে উৎপাদন ব্যহত হয়। একটি নতুন রিয়্যাক্টর স্থাপন করা প্রয়োজন। এছাড়াও অ্যামোনিয়া কনভার্টারের ক্যাটালিস্টসহ কনভার্টার পরিবর্তন এবং অ্যামোনিয়া প্লান্টের কুলার পরিবর্তন করা হলে কারখানার সমস্যাগুলো উত্তোরণ সম্ভব। মহাব্যবস্থাপক (এমটিএস) জনাব মোঃ রফিকুল ইসলাম জানান, আগামি ২০১৯ সালের জানুয়ারি মাস থেকে পরবর্তী নয় মাসব্যাপী তিনটি ইউটিলিটি বয়লারই রি-টিউবিং করা হবে। রি-টিউবিং কাজ চলাকালীন কারখানার সকল প্ল্যান্টের পাম্প, টারবাইন, কম্প্রেসর, ভেসেল ইত্যাদি মেরামত করা হবে। এজন্য বিদেশী বিশেষজ্ঞ, স্পেয়ার পার্টস ইত্যাদি প্রয়োজন হবে। একারণে বর্তমানে উৎপাদন ক্ষমতা হ্রাস পেয়েছে। আরো পনেরো বছর উৎপাদন ক্ষমতা স্থায়িত্বের জন্য কারখানাটি পুনর্বাসন ও সংস্কার করা

প্রয়োজন। বিসিআইসি'র পরিচালক (বাণিজ্যিক) জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম বলেন, বিগত প্রায় ৩০ মাস রিয়্যাক্টর রি-লাইনিং এর জন্য উৎপাদন বন্ধ থাকায় কারখানার প্রচুর আর্থিক এবং যন্ত্রপাতি ক্ষতিগ্রস্থ হয়েছে। কারখানার বিএমআরই করা গেলে নিরবচ্ছিন্ন উৎপাদন বজায় রাখা সম্ভব হতো।

সভায় জানানো হয়, সম্প্রতি দুটি ধাপে ২ হাজার ২৪১ দশমিক ৫৯ কোটি টাকা সম্ভাব্য ব্যয়ে কারখানার সংস্কার প্রস্তাব করা হয়েছে। বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ক্যামিক্যাল ইঞ্জিনিয়ারিংবিভাগ কারখানার সংস্কার প্রয়োজনীয়তা পর্যালোচনার বিষয়ে কাজ করছে। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জনাব মোঃ ফারুকুল ইসলাম বলেন, সংস্কার প্রস্তাবটি বাস্তবায়ন করা দরকার। এই সংস্কার কার্যক্রম শেষ করা গেলে কারখানাটি আরো ১৫ বছর উৎপাদনে থাকতে পারবে। এজন্য সিইউএফএল এর নিজস্ব অর্থায়নের পাশাপাশি সরকারি সহায়তা প্রয়োজন হবে।

৫.১। শিল্প সচিবের নির্দেশনাঃ

ক) কারখানার মেশিনারিজ, ইক্যুইপমেন্ট প্রতিস্থাপন কাজ নিজস্ব অর্থায়নের পরিবর্তে বিএমআরআই (ব্যালেন্সিং, আধুনিকায়ন, বিস্তার এবং প্রতিস্থাপন) পদ্ধতিতে ডিপিপি-তে করতে হবে। এতে সরকার যে অর্থায়ন করবে তার মাত্র ৬০ শতাংশ ফেরৎ দিতে হবে এবং বাকি ৪০ শতাংশ ইক্যুইটি হিসেবে কারখানায় থেকে যাবে। সিদ্ধান্ত নিয়ে টাইম বাউন্ড ডিপিপি তৈরি করতে হবে। ডিপিপি তৈরিতে নিজের লোকবলের যোগ্য সবাইকে কাজ ভাগ করে দিতে হবে। বাইরের কোন লোকজন এটা করে দেবেনা। নিজেদের লোকজন দিয়েই ডিপিপি তৈরি করতে হবে। পরিকল্পনামতো কাজ করতে হবে।

খ) কারখানা সাট ডাউন করার পর পূর্ণাঙ্গ সংস্কার কাজ সমাপ্ত করতে হবে। সংস্কার কাজের জন্য বারবার কারখানা বন্ধ করা যাবেনা। নয় মাসব্যাপী রি-টিউবিং কাজ চলাকালীন কারখানার সকল মেরামত কাজ দক্ষতার সাথে সম্পন্ন করা এবং রি-টিউবিং কাজ যেন যথাযথ হয় সেদিকে সকলকে লক্ষ্য রাখতে হবে।

৫.২। বাস্তবায়নেঃ

ক) বেগম পরাগ, অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়।
খ) জনাব শাহ মোঃ আমিনুল হক, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিআইসি, ঢাকা।
গ) জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম সচিব (বিসিআইসি),শিল্প মন্ত্রণালয়।
ঘ) ডাঃ মোঃ আখতারুজ্জামান, যুগ্ম প্রধান, শিল্প মন্ত্রণালয়।
ঙ) প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস, ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল।
চ) জনাব আজিজুর রহমান চৌধুরী, সিওও, কাফকো।

০৬। জনবল সংকটঃ

সিইউএফএল ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস জানান, সিইউএফএল এর জনবল ঘাটতি রয়েছে। অনুমোদিত জনবল এক হাজার ৫৯ জন হলেও বর্তমানে ৭৩৫ জন কাজ করছে। এতে উৎপদানে প্রভাব পড়ছে।

৬.১। শিল্প সচিবের নির্দেশনাঃ

কারখানা প্রতিষ্ঠাকালের উৎপাদন হয়না। এ কারণে প্রতিষ্ঠাকালের অনুমোদিত লোকবল প্রত্যাশা করা যুক্তিযুক্ত নয়। প্রশিক্ষণ দিয়ে কর্মীদের ও কারখানার উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হবে।

৬.২। বাস্তবায়নেঃ

ক) বেগম পরাগ, অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়।
খ) জনাব শাহ মোঃ আমিনুল হক, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিআইসি, ঢাকা।
গ) জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম সচিব (বিসিআইসি),শিল্প মন্ত্রণালয়।
ঘ) প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস, ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল।
ঙ) জনাব আজিজুর রহমান চৌধুরী, সিওও, কাফকো।

০৭। বিবিধ

বিসিআইসি'র পরিচালক (বাণিজ্যিক) জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম বলেন, সিইউএফএল এর উৎপাদন খরচ কম। ব্যাগিং সেকশন অনেক পুরাতন। এখন ৮'শ টন ব্যাগিং করা সম্ভব। সক্ষমতা বাড়াতে ব্যাগিং প্ল্যান্টের সেলাই

মেশিন পরিবর্তন করা প্রয়োজন। এছাড়াও কালুরঘাট ট্রানজিট গোডাউনের ছাদ নষ্ট হয়ে গেছে। সার নষ্ট হয়ে যাচ্ছে। গোডাউনটি মেরামত করা দরকার। একটা ব্যাকড গোডাউন করা গেলে সব জায়গায় সার সরবরাহ করা সহজ হবে।

৭.১। শিল্প সচিবের নির্দেশনাঃ

সকল সংস্কার, মেরামতের কাজ বিএমআরআই (ব্যালেন্সিং, আধুনিকায়ন, বিস্তার এবং প্রতিস্থাপন) পদ্ধতিতে একই ডিপিপিতে অন্তর্ভুক্ত করতে হবে।

৭.২। বাস্তবায়নেঃ

ক) বেগম পরাগ, অতিরিক্ত সচিব (স্বস), শিল্প মন্ত্রণালয়।
খ) জনাব শাহ মোঃ আমিনুল হক, চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিআইসি, ঢাকা।
গ) জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম, পরিচালক (বাণিজ্যিক), বিসিআইসি, ঢাকা।
ঘ) জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম সচিব (বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়।
ঙ) ডাঃ মোঃ আখতারুজ্জামান, যুগ্ম প্রধান, শিল্প মন্ত্রণালয়।
ঙ) প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস, ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের উদ্যোগ নিয়ে গৃহীত কার্যক্রম শিল্প মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
১৯/১১/২০১৮
কাজী মোঃ সায়েমুজ্জামান
ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়
ফোনঃ ০২-৯৫৬৩৫৮২
ই-মেইলঃ saemsaimum@gmail.com

স্মারক নম্বর: ৩৬.০০.০০০০.০২১.১৬.০০৩.১৮- ১৯২

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৫ / ১৯ নভেম্বর ২০১৮

বিতরণ সদয় অবগতি ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। ভারপ্রাপ্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
২।অতিরিক্ত সচিব (স্বস) (সচিব মহোদয়ের নির্দেশনা বাস্তবায়নের জন্য চেয়ারম্যান, বিসিআইসিকে পত্র দেয়ার জন্য অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (সকল), শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
৪। চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিআইসি, ঢাকা।
৫। জনাব মোঃ জিয়াউর রহমান খান, যুগ্ম সচিব (বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়
৬। জনাব মোঃ হাইয়ুল কাইয়ুম, পরিচালক (বাণিজ্যিক), বিসিআইসি, ঢাকা।
৭। প্রকৌশলী বিদ্যুৎ কুমার বিশ্বাস, ব্যবস্থাপনা পরিচালক, সিইউএফএল।
৮। জনাব মোঃ মনিরুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, ডিএপিএফসিএল।
৯। জনাব আজিজুর রহমান চৌধুরী, সিওও, কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানি (কাফকো), চট্টগ্রাম

১৯/১১/১৮
ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব
(সিনিয়র সহকারী সচিব)
শিল্প মন্ত্রণালয়